

পরিপত্র নং-১ (আয়কর)

২০০৪-২০০৫

নথি নং-জারাবো/কর-৭/আঃআঃবিঃ/০২/২০০৩/১১৬

তারিখঃ ১৯/০৭/২০০৪ ইং

বিষয়ঃ অর্থ আইন, ২০০৪ এর মাধ্যমে প্রত্যক্ষ করের ক্ষেত্রে আনীত বিভিন্ন সংশোধন ও পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা।

অর্থ আইন, ২০০৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ ও ভ্রমণকর আইন, ২০০৩ এ কতিপয় সংশোধনী আনা হয়েছে। ২০০৪ সালের বাজেট কার্যক্রমে অন্তর্ভুক্ত আয়কর সম্পর্কিত কতিপয় সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে এস,আর,ও নং ২১৫-আইন/আয়কর/২০০৪ তারিখঃ ১৩/০৭/২০০৪ইং দ্বারা আয়কর বিধিমালা, ১৯৮৪ তেও প্রাসঙ্গিক পরিবর্তন করা হয়েছে। এ ছাড়া আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৪৪ ধারার অধীনে কিছু এস,আর,ও জারী করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, আয়কর বিধিমালা, ভ্রমণ কর আইনে আনীত সংশোধনী এবং এস.আর.ও সমূহে আনীত সংশোধনীসমূহের যথাযথ প্রয়োগের ক্ষেত্রে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করা হ'লঃ

- ১। ২০০৪-২০০৫ কর বছরের জন্য প্রযোজ্য কর হারঃ [Finance Act 2004]
অর্থ আইন ২০০৪ এর মাধ্যমে ব্যক্তিশ্রেণীর করদাতাদের আয়করের হার পুনঃনির্ধারণ ও পুনর্বিন্যাস করা হয়েছে। সকল শ্রেণীর করদাতাদের ২০০৪-২০০৫ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হারের বিশদ বৃত্তান্ত (পরিশিষ্ট-ক) তে উল্লেখ করা হয়েছে। করমুক্ত আয়ের সীমা পূর্বের ৯০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১ লক্ষ টাকা করা হয়েছে। তবে প্রদেয় নূন্যতম আয়করের পরিমাণ ১ হাজার ২ শত টাকা থেকে ১ হাজার ৫ শত টাকায় পুনঃনির্ধারণ করা হয়েছে। এই করহার ২০০৪-২০০৫ ও ২০০৫-২০০৬ কর বছরের জন্য প্রযোজ্য হবে।
- ২। সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (Central Intelligence Cell) এর মহাপরিচালকের ক্ষমতায়নঃ [Section 2(25AA), 3(2D), 113, 116, 117]
আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৩ এ নতুন উপধারা (2D) সংযোজন করে সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এর মহাপরিচালককে আয়কর কর্তৃপক্ষ (Income-tax authorities)-এর অন্তর্ভুক্ত করা হয়েছে। মহাপরিচালক, সি.আই.সি কে 113 ধারায় তথ্য অধিযাচনদানের, 116 ধারায় তদন্ত করা, হিসাব ও প্রমাণ অনুসন্ধান এবং জন্মকরণ এবং 117 ধারায় তল্লাসী ও আটক সংক্রান্ত আইন সমূহ প্রয়োগ করার ক্ষমতা অর্পণ করা হয়েছে।

৩। **অবন্টিত মুনাফার ব্যাখ্যা সংশোধনী: [Explanation of Section 16B]**
কোম্পানীসমূহের অবন্টিত মুনাফার (undistributed profit) উপর 16B ধারায় অতিরিক্ত কর (additional tax) আরোপের বিধান আছে। এরূপ অবন্টিত মুনাফার (undistributed profit) ব্যাখ্যাটি প্রতিস্থাপনের মাধ্যমে বিষয়টি সহজবোধ্য করা হয়েছে। এখন থেকে অবন্টিত মুনাফা (undistributed profit) বলতে ফ্রী রিজার্ভসহ পুঞ্জীভূত মুনাফা (accumulated profit including free reserve) বুঝাবে।

৪। **ভাড়ায় ব্যবহৃত হয় না এরূপ গাড়ী ক্রয়ে বিনিয়োগের ক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান: [Section 19BBB]**

ভাড়ায় ব্যবহৃত হয় না এরূপ মোটরগাড়ী ক্রয়ে বিনিয়োগের উপর নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করা হলে গাড়ী ক্রয়ে বিনিয়োগ বিনা প্রশ্নে কর বিভাগ কর্তৃক গ্রহণের বিধান করে অধ্যাদেশে নতুন ধারা 19BBB সংযোজন করা হয়েছেঃ

ক্রমিক নং	গাড়ীর বিবরণ	আয়করের হার
(১)	১৫০০ সিসি পর্যন্ত ক্ষমতার মোটর গাড়ী	গাড়ীর ক্রয় মূল্যের ৫ শতাংশ
(২)	১৫০০ সিসি এর অধিক ক্ষমতার মোটর গাড়ী	গাড়ীর ক্রয় মূল্যের ৭.৫ শতাংশ

বাংলাদেশে প্রথম নিবন্ধনের ক্ষেত্রে ও ২০০৪-২০০৫ কর বছরের সংশ্লিষ্ট আয় বছরে ক্রয় করা হয়েছে এরূপ মোটর গাড়ীর ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে। মোটর গাড়ী রেজিস্ট্রেশনকালে অথবা সংশ্লিষ্ট কর বছরের কর নির্ধারণের পূর্বে এরূপ কর প্রদান করতে হবে। উল্লিখিত বিনিয়োগ সংক্রান্ত কর প্রদানের বিষয়টি ঐচ্ছিক অর্থাৎ কেহ যদি বিনিয়োগের ব্যাখ্যা প্রদানে সক্ষম ও ইচ্ছুক হন তাহলে এরূপ কর প্রদান ছাড়াই তিনি প্রচলিত নিয়মে বিনিয়োগের ব্যাখ্যা প্রদান করতে পারবেন।

৫। **সরকার অনুমোদিত সিকিউরিটিজকে 'সিকিউরিটিজ থেকে আয়' এর খাতে অন্তর্ভুক্ত করণ: [Section 22 Clause (a)]**

উল্লেখিত আইনে শুধুমাত্র সরকারী সিকিউরিটিজ হতে প্রাপ্ত আয় 'Interest on Securities' খাতে পরিগণনা করা হত। ধারা 22 এর clause (a) সংশোধনের ফলে সরকারী সিকিউরিটিজ বা সরকার কর্তৃক অনুমোদিত যেকোন সিকিউরিটিজ এর আওতাভুক্ত হ'ল।

ইতোপূর্বে সরকারী সিকিউরিটিজের সুদের উপর করদাতার নিজ শ্রেণীর জন্য প্রযোজ্য হারে উৎসে কর কর্তনের বিধান ছিল। এবারে 51 ধারার (1) উপধারা সংশোধন করে সরকারী ও সরকার অনুমোদিত সকল সিকিউরিটিজের সুদ থেকে করদাতার শ্রেণী নির্বিশেষে সকলের জন্য ২০ শতাংশ হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে।

৬। বাণিজ্যিক ভবনের ক্ষেত্রে রক্ষনাবেক্ষণ ও মেরামত ভাতা ৩০ শতাংশে উন্নীতকরণঃ

[Section 25 Sub-section (1) Clause (h)]

'গৃহসম্পত্তি থেকে আয়' পরিগণনায় বার্ষিক মূল্যের এক চতুর্থাংশ অর্থাৎ ২৫ শতাংশ হারে আদায়, রক্ষনাবেক্ষণ ও মেরামত খরচ অনুমোদনের বিধান ছিল। ধারা 25 এর উপধারা (1) এর ক্লজ (h) সংশোধন করে বাণিজ্যিক ভবনের বার্ষিক মূল্যের ৩০ শতাংশ আদায়, মেরামত ও রক্ষনাবেক্ষণ খরচ অনুমোদনের বিধান করা হয়েছে। আবাসিক ভবনের ক্ষেত্রে বিদ্যমান এক চতুর্থাংশ খরচ অনুমোদন বহাল থাকবে।

৭। **BMR বিনিয়োগের উপর Investment Allowance বিলোপঃ [Section 29 Sub-section (1) Clause (xa)]**

বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী কর্তৃক ইহার মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানের balancing, modernisation or replacement এর জন্য নতুন প্ল্যান্ট ও মেশিনারী ক্রয়ে বিনিয়োগকৃত অর্থের উপর ২৫ শতাংশ হারে Investment allowance অনুমোদনের বিধান ছিল। ধারা 29 এর উপধারা (1) এর ক্লজ (xa) বিলুপ্ত করে এ ভাতা অনুমোদন প্রত্যাহার করা হয়েছে।

৮। **পারকুইজিট বা অন্যান্য সুবিধাদি খাতে খরচ অনুমোদনের উর্ধসীমাঃ [Section 30 Clause (e)]**

ইতোপূর্বে কোন নিয়োগকারী কোন কর্মচারীকে বার্ষিক ১ লক্ষ ৩২ হাজার টাকার বেশী পারকুইজিট বা অন্যান্য সুবিধাদি (perquisites or other benefits) প্রদান করলে ঐ অতিরিক্ত অর্থ অননুমোদনযোগ্য খরচ হিসাবে নিয়োগকারীর মুনাফায় যোগ করার বিধান ছিল। ধারা 30 এর ক্লজ (e) সংশোধন করে পারকুইজিট বা অন্যান্য সুবিধাদি খাতে খরচ অনুমোদন প্রতি কর্মচারীর জন্য বার্ষিক ১ লক্ষ ৫০ হাজার টাকায় উন্নীত করা হয়েছে। কোন নিয়োগকারী কোন কর্মচারীকে বার্ষিক ১ লক্ষ ৫০ হাজার টাকার বেশী পারকুইজিট বা অন্যান্য সুবিধাদি প্রদান করলে উক্ত অতিরিক্ত খরচ অননুমোদনযোগ্য গণ্য হবে।

৯। **পেনশন ফান্ড ইত্যাদির অর্জিত বাংলাদেশ ব্যাংক বিলের বাটার উপর উৎসে কর কর্তন থেকে অব্যাহতিঃ [Section 50A]**

বাংলাদেশ ব্যাংক বিলের real value-র উপর বিনিয়োগকারীর অর্জিত বাটা থেকে উৎসে কর কর্তনের বিধানটিতে proviso সংযোজন করে অনুমোদিত সুপার এনুয়েশন ফান্ড, পেনশন ফান্ড, গ্রাচুইটি ফান্ড, স্বীকৃত ভবিষ্যত তহবিল ও ওয়ার্কাস প্রফিট পার্টিসিপেশন ফান্ড কর্তৃক এরূপ বিনিয়োগের ক্ষেত্রে অর্জিত বাটা থেকে কর কর্তন না করার বিধান করা হয়েছে।

১০। পেশাগত ও কারিগরী ফি, কারিগরী প্রযুক্তি ফি (technical know-how fee), রয়্যালটি ইত্যাদি থেকে উৎসে কর কর্তন সংক্রান্ত বিধান পরিবর্তনঃ [Section 52A]

ধারা 52A এর বিধানসমূহ পুনর্বিদ্যাস ও পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত আইনে এ ধারার আওতায় এরূপ বিধান করা হয়েছে যে-

- (ক) কোম্পানী আইন অনুসারে নিবন্ধিত কোন কোম্পানী, এনজিও এফেয়ার্স ব্যুরোতে নিবন্ধিত কোন এনজিও বা ট্রাস্ট আইনের অধীনে নিবন্ধিত কোন ট্রাস্ট তাদের পরিচালিত হাসপাতাল বা ডায়গনস্টিক সেন্টারে পেশাগত সেবা প্রদানের জন্য কোন ডাক্তারকে প্রদেয় ফি থেকে ৫ শতাংশ হারে উৎসে কর কর্তন করে সরকারী কোষাগারে জমা দেবেন।
- (খ) সরকারী, আধাসরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ এবং এসকল সংস্থার অংগ প্রতিষ্ঠানসমূহ, স্থানীয় কর্তৃপক্ষ, কোম্পানী, নিবন্ধিত এনজিও, ব্যাংক, বীমা, সমবায় ব্যাংক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে রয়্যালটি বা কারিগরী প্রযুক্তি ফি হিসেবে অর্থ স্থানান্তর বা পরিশোধকালে উক্ত রয়্যালটি বা কারিগরী প্রযুক্তি ফি এর উপর ১০ শতাংশ হারে উৎসে কর কর্তন করে সরকারী কোষাগারে জমা দিতে হবে।
- (গ) অনুচ্ছেদ খ-তে বর্ণিত সকল কর্তৃপক্ষ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে "fees for professional or technical services" খাতে কোন ফি প্রাপকের হিসাবে ক্রেডিট প্রদান বা নগদে পরিশোধকালে উক্ত ফি এর উপর ৫ শতাংশ হারে উৎসে কর কর্তন করে সরকারী কোষাগারে জমা করবেন।

টীকা-১ঃ এ আইনে আইন, প্রকৌশল, স্থাপত্য, হিসাব রক্ষণ, কারিগরী পরামর্শদান, ইনটেরিয়র ডেকোরেশন ও বিজ্ঞাপনী পেশায় জড়িতদের সেবা professional services হিসেবে গণ্য হবে। তবে চিকিৎসা সেবা এর অন্তর্ভুক্ত হবে না।

টীকা-২ঃ এ আইনে technical services বলতে 2 ধারার ক্লজ (31) এ সংজ্ঞায়িত "fees for technical services" এ বর্ণিত technical services সমূহ বুঝাবে। তবে royalty ও technical know-how fee এই technical services এর আওতায় আসবে না।

টীকা-৩ঃ 52A ধারার (2) উপধারায় রয়্যালটি ও কারিগরী প্রযুক্তি ফি থেকে উৎসে কর্তিত কর 82C ধারায় চূড়ান্ত করদায় পরিশোধ হিসাবে গণ্য হবে। 52A ধারার (1) ও (3) উপধারায় উৎসে কর্তিত কর 82C ধারার আওতায় আসবে না।

১১। সিএন্ডএফ এজেন্টদের কমিশন থেকে উৎসে কর সংগ্রহের বিধান সংশোধনঃ [Section 52AA, Section 52AAA]

উৎসে কর কর্তন সংক্রান্ত 52AA ধারার আওতা থেকে সিএন্ডএফ এজেন্টদের বাদ দিয়ে পৃথক ধারা 52AAA সংযোজন করা হয়েছে। 52AAA ধারার বিধান

অনুসারে আমদানী বা রপ্তানী পণ্য খালাসের সময় ক্রিয়ারিং ফরোয়াডিং এজেন্টদের কমিশনের উপর ৫ শতাংশ হারে উৎসে কর সংগ্রহের দায়িত্ব সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের বরাবরে ন্যস্ত করা হয়েছে।

আমদানীকৃত পণ্য খালাসের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইনে মুসক সংগ্রহের জন্য নিরূপিত/প্রাক্কলিত কমিশনের উপর এবং রপ্তানীর ক্ষেত্রেও কর্তনকারী কর্তৃপক্ষের একইভাবে প্রাক্কলিত কমিশনের উপর কর কর্তন করতে হবে। 52AAA ধারায় উৎসে কর্তিত কর 82C ধারার কর নির্ধারণ পদ্ধতিতে চূড়ান্ত করদায় পরিশোধ হিসাবে গণ্য হবে।

১২। সঞ্চয়পত্রের সুদের উপর উৎসে কর কর্তনের বিধান প্রত্যাহারঃ [Section 52D & 82C]

অর্থ আইন, ১৯৯৯ এর মাধ্যমে সঞ্চয়পত্রের সুদের উপর উৎসে কর কর্তনের বিধানটি চালু করা হয়েছিল। উক্ত বিধান অনুযায়ী ১০ জুন, ১৯৯৯ হতে ত্রয়কৃত সঞ্চয়পত্রের উপর উৎসে কর কর্তনের বিধান ছিল। ১ জানুয়ারী ২০০৪ তারিখ বা তারপর ত্রয় করা সঞ্চয়পত্রের সুদ থেকে উৎসে কর কর্তনের বিধান প্রত্যাহার করা হয়েছে। তাই ১০ই জুন ১৯৯৯ তারিখের পূর্বে এবং ১ জানুয়ারী ২০০৪ এর পরে ত্রয় করা সঞ্চয়পত্রের সুদের উপর উৎসে কর কর্তন করতে হবে না এবং এ সকল ক্ষেত্রে 82C ধারায় কর নির্ধারণ প্রযোজ্য হবে না।

১৩। ডাক্তারের ফি থেকে কর কর্তনের বিধানঃ [Section 52G & 52A]

হাসপাতাল বা ডায়গনস্টিক সেন্টারে সেবা প্রদানের জন্য ডাক্তারকে প্রদেয় ফি থেকে উৎসে কর কর্তন সংক্রান্ত 52G ধারা বিলোপ করে এই বিধান সংশোধিত 52A ধারার (1) উপধারায় সংযোজন করা হয়েছে। ডাক্তারের ফি থেকে উৎসে কর কর্তন যথারীতি বহাল থাকবে।

১৪। বাড়ী ভাড়া থেকে উৎসে কর কর্তনঃ [Section 53A]

ভাড়া নেওয়া ভবনের ভাড়া থেকে 53A ধারায় উৎসে কর কর্তনের আওতা বৃদ্ধি করা হয়েছে। সংশোধিত আইন অনুযায়ী অন্যান্যদের মত সকল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ ও প্রকৌশল কলেজকেও প্রদেয় বাড়ী ভাড়া থেকে নির্ধারিত হারে উৎসে কর কর্তন করতে হবে।

১৫। স্বাবর সম্পত্তি হস্তান্তর দলিল নিবন্ধনকালে উৎসে কর সংগ্রহঃ [Section 53H Sub-section (2) Clause (f)]

53H ধারার (2) উপধারার ক্লজ (f) বিলোপ করা হয়েছে। ফলে অর্জনের পাঁচ বছরের মধ্যে পৌর কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডের মধ্যে অবস্থিত অকৃষি জমি বা ইমারত হস্তান্তরের ক্ষেত্রেও দলিল নিবন্ধনের সময় ৫ শতাংশ হারে উৎসে কর সংগ্রহ করতে হবে। এরূপ উৎসে সংগৃহীত কর চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে গণ্য হবে।

১৬। আয়কর রিটার্ণ ও জীবন যাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী জমাদান সংক্রান্তঃ

[Section 75(1A)(g) & 75(2)(d)(i)]

75 ধারার (1A) উপধারায় নতুন ক্লজ (g) সংযোজন করা হয়েছে। 75(1A) ধারায় আগে বর্ণিত করদাতাসহ 184A ধারার বিধানমতে টি,আই,এন-ধারী সকলকে যথাসময়ে আয়কর রিটার্ণ জমা দিতে হবে।

75 ধারার (2) উপধারার ক্লজ (d) এর সাবক্লজ (i) সংশোধন করা হয়েছে। এর ফলে ২০০৪-২০০৫ কর বছর থেকে রিটার্ণের সাথে নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-খ) জীবন যাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী জমাদানের বিধান ব্যক্তিশ্রেণীর সকল করদাতার জন্য বাধ্যতামূলক ভাবে প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, স্ব-নির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত ব্যক্তিশ্রেণীর করদাতার ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য থাকবে।

১৭। বোর্ড কর্তৃক নির্দিষ্ট মামলার ক্ষেত্রে রিটার্ণে করদাতার ঘোষিত আয় গ্রহণ সংক্রান্তঃ

[Section 82B Sub-section (1)]

82B ধারার (1) উপধারায় সংশোধনী আনা হয়েছে। বিদ্যমান আইনে কোন করদাতার বা করদাতাশ্রেণীর বা করদাতা শ্রেণীসমূহের (any assessee or class of assesseees or classes of assesseees) যে কোন কর বছরের জন্য 75(2) ধারায় প্রদত্ত রিটার্ণে ঘোষিত আয় গ্রহণ করার জন্য বোর্ড নির্দেশ দিতে পারত। সংশোধিত আইনে এই সকল ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় যে কোন ধারার অধীনে যে কোন কর বৎসরের জন্য প্রদত্ত রিটার্ণে ঘোষিত আয় গ্রহণ করার জন্য বোর্ড নির্দেশ দিতে পারবে। 82B ধারার অন্যান্য উপধারার বিধান সমূহ যথারীতি বহাল থাকবে।

১৮। 82C ধারায় নতুন সংযোজনঃ [Section 82C Sub-section (2) Clause

(la) & (lb)]

82C ধারার (2) উপধারা ক্লজ (la) সংশোধন করে "fees for technical servies" থেকে 52A(3) ধারায় উৎসে কর্তৃত কর 82C ধারার (4) উপ ধারায় চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে গণ্য করার বিধান প্রত্যাহার করা হয়েছে। তবে royalty এবং technical know-how fee থেকে 52A(2) ধারায় উৎসে কর্তৃত কর চূড়ান্ত করদায় পরিশোধ হিসাবে গণ্য করার জন্য 82C ধারায় কর নির্ধারণের আওতায় আনা হয়েছে। এছাড়া 82C(2) তে নতুন সাবক্লজ (lb) সংযোজন করে ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্টদের প্রাপ্ত কমিশনের উপর 52AAA ধারায় উৎসে সংগৃহীত কর চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে গণ্য করার বিধান করা হয়েছে।

১৯। ব্যক্তিশ্রেণীর করদাতাদের জন্য স্বনির্ধারণী পদ্ধতির রিটার্ণ অডিট সংক্রান্ত বিধান

পরিবর্তনঃ [Section 83A Sub-section (2), (3) & (4)]

বিদ্যমান আইনে ব্যক্তিশ্রেণীর করদাতাদের জন্য স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ণের সর্বোচ্চ ২০ শতাংশ পর্যন্ত রিটার্ণ অডিটের জন্য বাছাই করা যেত এবং

নিষ্পন্ন সর্বশেষ কর বছরের নিরূপিত আয়ের ২০ শতাংশের বেশী আয় ঘোষণা করলে স্বনির্ধারণী রিটার্ন অডিটের আওতা বহির্ভূত থাকত। নতুন করদাতাদের স্বনির্ধারণী রিটার্ন অডিটের আওতা বহির্ভূত থাকত।

83A ধারার (2) উপধারা সংশোধন এবং (3) ও (4) উপধারা বিলোপ করার ফলে নতুন-পুরাতন করদাতা বা ঘোষিত আয়ের পরিমাণ নির্বিশেষে যে কোন শ্রেণীর যে কোন করদাতার স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ন অডিটের জন্য বাছাই করা যাবে। এর ফলে অডিটের জন্য মামলা নির্বাচনের ক্ষেত্রে ঘোষিত আয় ভিত্তিক বৈষম্য থাকবে না। জাতীয় রাজস্ব বোর্ড নীতি মালার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক মামলা অডিটের জন্য বাছাই করবে। প্রসঙ্গত উল্লেখ্য যে আয়কর বিধি ৩৮ এ বর্ণিত শর্তসমূহ এ পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে অবশ্যই পরিপালন করতে হবে।

২০। প্রাইভেট লিমিটেড কোম্পানী করদাতার স্বনির্ধারণী পদ্ধতির রিটার্ন প্রদানের ক্ষেত্রে শর্ত সংশোধনঃ [Section 83AA Sub-section (1) & (2)]

প্রাইভেট লিমিটেড কোম্পানী করদাতার স্বনির্ধারণী পদ্ধতির রিটার্নদানের ক্ষেত্রে সর্বশেষ নিষ্পন্নকৃত মামলার নিরূপিত আয়ের ন্যূনতম ১০ শতাংশ আয় বেশী দেখানোর শর্ত ছিল। 83AA ধারার (1) উপধারা সংশোধন করে এই শর্ত শিথিল করা হয়েছে। এরূপ করদাতা ১০ শতাংশের স্থলে ৫ শতাংশ আয় বেশী ঘোষণা করে স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দিতে পারবে।

তবে উপধারা (3) সংশোধন ও এর proviso বিলোপ করে সর্বোচ্চ ২০ শতাংশ স্বনির্ধারণী রিটার্ন অডিটের জন্য বাছাইয়ের সীমা ও বেশী আয় ঘোষণা করলে অডিট থেকে অব্যাহতি সুবিধা প্রত্যাহার করা হয়েছে। প্রদর্শিত আয় নির্বিশেষে এরূপ স্বনির্ধারণী পদ্ধতির যে কোন রিটার্ন অডিটের জন্য বাছাই প্রক্রিয়ায় বিবেচিত হতে পারে।

২১। কর মামলা নিষ্পত্তির সময়সীমা পরিবর্তনঃ [Section 94 Sub-section (1) & (3)]

94 ধারার (1) উপধারায় সংশোধনী এনে নিয়মিত কর মামলা নিষ্পত্তির সময়সীমা পরিবর্তন করা হয়েছে। এখন থেকে Chapter-VIII এর আওতায় আয়কর রিটার্ন জমা দিলে সংশ্লিষ্ট কর বৎসর সমাপ্তির পরবর্তী ছয় মাসের মধ্যে মামলা নিষ্পত্তি করতে হবে।

উদাহরণঃ ২০০৪-২০০৫ কর বছরের জন্য 75 ধারায় অথবা 77 ধারার নোটিশে অথবা 78 ধারায় করদাতা আয়কর রিটার্ন জমা দিলে ৩০ জুন ২০০৫ তারিখের পরবর্তী ছয় মাস অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখের মধ্যে মামলাটি নিষ্পত্তি করতে হবে।

94 ধারার 3 উপধারায় সংশোধনী এনে 120, 121, 156, 159, 161 বা 162 ধারার আদেশে রহিত করা (set-a-side) কর আদেশ সংশোধনের সময়সীমা ৩০ দিন থেকে বাড়িয়ে ৪৫ দিন করা হয়েছে।

২২। যথাসময়ে রিটার্ণ দাখিল না করার কারণে জরিমানা আরোপ সংক্রান্ত বিধান পরিবর্তনঃ [Section 124]

সংশোধনী এনে 124 ধারার বিধান পুনর্বিদ্যায় করে 75, 77, 89(2), 91(3) বা 93(1) ধারার বিধান অনুসারে যথাসময়ে আয়কর রিটার্ণ জমা দান না করা হলে করদাতার উপর আরোপযোগ্য জরিমানার অংক পুনঃনির্ধারণ করা হয়েছে। সংগত কারণ ছাড়া রিটার্ণ দাখিলে ব্যর্থতার জন্য এককালীন জরিমানার অংক হবে করদাতার সর্বশেষ নিষ্পন্নকৃত মামলায় ধার্যকৃত আয়করের ১০ শতাংশ অথবা ২ হাজার ৫ শত টাকার মধ্যে যেটি বেশী হয়। অব্যাহত খেলাপের জন্য দৈনিক ২ শত ৫০ টাকা হারে অতিরিক্ত জরিমানা আরোপ করা যাবে। সার্টিফিকেট, বিবরণী, হিসাব বা তথ্য প্রদান সংক্রান্ত বা টি,আই,এন সনদ প্রদর্শনের আইনি বিধান সমূহ পরিপালনে ব্যর্থতার জন্য জরিমানার পূর্বের হার এককালীন ৫ শত টাকা ও অব্যাহত খেলাপের জন্য আরো মাসিক ৫০ টাকা যথারীতি বহাল থাকবে।

২৩। আপীল আদেশ জারীর সময়সীমা বৃদ্ধিঃ [Section 156 Sub-section (5)]
বিদ্যমান আইনে আপীল আদেশ প্রনয়ণের তারিখ থেকে ১০ দিনের মধ্যে জারী করার বাধ্যবাধকতা আছে। 156 ধারার (5) উপধারা সংশোধন করে ১৫ দিনের মধ্যে আপীল আদেশ জারী করার বিধান করা হয়েছে।

২৪। ট্রাইবুনালে আপীল দায়েরের জন্য কর পরিশোধের পূর্বশর্তঃ [Section 158 Sub-section (2)]
কর কমিশনার (আপীল) বা আপীলাত অতিরিক্ত/যুগ্ম কর কমিশনারের আপীল আদেশের বিরুদ্ধে আয়কর আপীলাত ট্রাইবুনালে আপীল দায়ের করতে করদাতাকে 74 ধারায় প্রদেয় কর পরিশোধ করতে হত। 158 ধারার (2) উপধারা সংশোধন করে 74 ধারায় প্রদত্ত কর ও আপীল আদেশের ফলশ্রুত করদাবীর পার্থক্যের ১৫ শতাংশ কর পরিশোধ করার পূর্বশর্ত আরোপ করা হয়েছে।

তবে যুক্তিগ্রাহ্য কারণ থাকলে কর কমিশনার করদাতার আবেদনের পরিপ্রেক্ষিতে এ পর্যায়ে প্রদেয় করের পরিমাণ হ্রাস করতে পারবেন।

২৫। রেজিষ্টার্ড ডাকে নোটিশ জারী সংক্রান্ত বিধান পরিবর্তনঃ [Section 178 Sub-section (1)]
বিদ্যমান আইনে রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরিত নোটিশ প্রেরণ বৈধ জারী বলে গণ্য হয়। 178 ধারার (1) উপধারায় আনীত সংশোধনীর ফলে বৈধ গণ্য করার জন্য registered with acknowledgement due ডাকযোগে নোটিশ জারী করতে হবে। Civil Procedure Code, 1908 অনুযায়ী সমন জারীর ব্যবস্থা পাশাপাশি বহাল থাকবে।

২৬। কতিপয় ক্ষেত্রে টি,আই,এন সনদ উপস্থাপনের শর্ত আরোপঃ [Section 184A

Clause (d), (k), (l) & (m)

184A ধারার ক্লজ (d) সংশোধন করে কোম্পানী আইনে নিবন্ধিত কোন ক্লাবের সদস্য পদের জন্য আবেদনকালে টি,আই,এন সনদ উপস্থাপন করার শর্ত আরোপ করা হয়েছে। তাছাড়া ক্লজ (k) ও (l) সংশোধন এবং (m) সংযোজন করে যে কোন আইএসডি (fixed or mobile) টেলিফোন সংযোগ গ্রহণকালে, কোম্পানী নিবন্ধনকালে উদ্যোক্তা পরিচালকদের এবং নিকাহ রেজিস্ট্রারের সনদ অর্জনকালে টি,আই,এন সনদ উপস্থাপনের বিধান করা হয়েছে।

যারা ইতোমধ্যে Muslim Marriages and Divorces Registration Act, 1974 এর আওতায় নিকাহ রেজিস্ট্রারের সনদ পেয়েছেন এ আইন জারী হওয়ার তিনমাসের মধ্যে তাদেরকে সনদ প্রদানকারী কর্তৃপক্ষের বরাবরে টি,আই,এন সনদ জমা দিতে হবে।

২৭। সঞ্চয়পত্রের সুদের উপর কর অব্যাহতিঃ [SIXTH SCHEDULE, PART-A, Paragraph 31B]

Sixth Schedule, Part-A তে নতুন অনুচ্ছেদ 31B সংযোজনের ফলে সঞ্চয়পত্রে বিনিয়োগ থেকে অর্জিত সুদের ২৫ হাজার টাকা পর্যন্ত করদাতার মোট আয় পরিগণনায় অন্তর্ভুক্ত হবে না। তবে ১০ জুন ১৯৯৯ থেকে ৩১ ডিসেম্বর ২০০৩ সময়ের মধ্যে ক্রয়কৃত সঞ্চয় পত্রের ক্ষেত্রে 52D ধারায় উৎসে কর কর্তনের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবেনা।

২৮। আই,সি,বি-র সাবসিডিয়ারী কোম্পানীর ইউনিট সার্টিফিকেট ক্রয়ে বিনিয়োগের কর রেয়াতঃ [SIXTH SCHEDULE, PART-B, Paragraph 10, Sub-paragraph 1, Clause (b)]

SIXTH SCHEDULE এর PART-B এর অনুচ্ছেদ 10 এর উপ-অনুচ্ছেদ 1 এর ক্লজ (b) সংশোধন করে আইসিবির ইউনিট সার্টিফিকেট ও ফান্ড সমূহে বিনিয়োগের মত আইসিবির সাবসিডিয়ারী কোম্পানীর ইস্যুকৃত ইউনিট সার্টিফিকেট ও মিউচুয়াল ফান্ডে বিনিয়োগকৃত অর্থও বিনিয়োগজনিত কর রেয়াত (Investment Tax Rebate) অনুমোদনের উপযুক্ত গণ্য করা হয়েছে।

ভ্রমণ কর

২৯। ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর অধিকতর সংশোধনঃ
অর্থ আইন, ২০০৪ এর মাধ্যমে ভ্রমণ কর আইন, ২০০৩ এর আনীত সংশোধনীর ফলে পাঁচ বছর বা তার চেয়ে কম বয়সের যাত্রীর জন্য ভ্রমণ কর সম্পূর্ণ অব্যাহতি দেয়া হয়েছে এবং বারো বছর পর্যন্ত বয়সের যাত্রীদের জন্য প্রচলিত হারের ৫০ শতাংশ হারে ভ্রমণ কর প্রদান করতে হবে।

কর অব্যাহতি/রেয়াত কর হার সংক্রান্ত প্রজ্ঞাপন সমূহ

- (১) এস,আর,ও নং ২১৬-আইন/আয়কর/২০০৪ তারিখঃ ১৩/০৭/২০০৪ইং এর মাধ্যমে নিবাসী/অনিবাসী মর্যাদা নির্বিশেষে বাংলাদেশের কোন নাগরিকের আইনানুগ প্রক্রিয়ায় বাংলাদেশে আনীত বিদেশে অর্জিত আয়কে আয়কর আরোপ হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত এ অব্যাহতি বলবত থাকবে।
- (২) এস,আর,ও নং ২১৭-আইন/আয়কর/২০০৪ তারিখঃ ১৩/০৭/২০০৪ইং এর মাধ্যমে বাংলাদেশে নিবাসী কোন বিদেশী নাগরিকের আইনানুগ প্রক্রিয়ায় বাংলাদেশে আনীত বিদেশে অর্জিত আয়কে আয়কর আরোপ হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত এ অব্যাহতি বলবত থাকবে।
- (৩) এস,আর,ও নং ২১৮-আইন/আয়কর/২০০৪ তারিখঃ ১৩/০৭/২০০৪ইং এর মাধ্যমে পাটজাত দ্রব্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের উৎপাদিত পাটজাত দ্রব্য হইতে উদ্ভূত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস করে ১৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। বিশেষ হ্রাসকৃত এই কর হার ১লা জুলাই ২০০৪ হতে ৩০শে জুন ২০০৬ সাল পর্যন্ত বলবত থাকবে। অর্থাৎ কর বছর ২০০৪-২০০৫ ও ২০০৫-২০০৬ এর জন্য প্রযোজ্য হবে। বিশেষ হ্রাসকৃত কর হারে কর নির্ধারণের ক্ষেত্রে SIXTH SCHEDULE এর PART-A এর Paragraph-28 অনুযায়ী রপ্তানীজনিত আয় রেয়াত সুবিধা প্রযোজ্য হবে না।
- (৪) এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০০৪ তারিখঃ ১৩/০৭/২০০৪ইং মাধ্যমে বস্ত্র উৎপাদনের সহিত জড়িত কোন সূতা উৎপাদন, সূতা ডাইং, ফিনিসিং, কোনিং, কাপড় তৈরী, কাপড় ডাইং, ফিনিসিং, প্রিন্টিং অথবা উক্তরূপ এক বা একাধিক প্রক্রিয়ায় নিয়োজিত কোম্পানীর ১লা জুলাই, ২০০৪ হইতে ৩০শে জুন, ২০০৬ ইং পর্যন্ত সময়কালের জন্য প্রযোজ্য আয়করের হার ২০ শতাংশ হতে হ্রাস করে ১৫ শতাংশে পুনর্নির্ধারণ করা হয়েছে।
- বিশেষ হ্রাসকৃত এই কর হার ১লা জুলাই ২০০৪ হতে ৩০শে জুন ২০০৬ সাল পর্যন্ত বলবত থাকবে। অর্থাৎ কর বছর ২০০৪-২০০৫ ও ২০০৫-২০০৬ এর জন্য প্রযোজ্য হবে। বিশেষ হ্রাসকৃত কর হারে কর নির্ধারণের ক্ষেত্রে SIXTH SCHEDULE এর PART-A এর Paragraph-28 অনুযায়ী রপ্তানীজনিত আয় রেয়াত সুবিধা প্রযোজ্য হবে না।
- (৫) এস,আর,ও নং ২২০-আইন/আয়কর/২০০৪ তারিখঃ ১৩/০৭/২০০৪ইং এর মাধ্যমে প্রাইভেট লিমিটেড কোম্পানীর শেয়ার হোল্ডারদের উক্ত কোম্পানীর শেয়ার হস্তান্তর সূত্রে অর্জিত মূলধনী মুনাফার উপর কর হার হ্রাস করে ১০ শতাংশ পুনর্নির্ধারণ করা হয়েছে। ইতোপূর্বে এ ধরনের মূলধনী মুনাফার উপর SECOND SCHEDULE এর Paragraph 2 অনুযায়ী কোম্পানীর ক্ষেত্রে ১৫ শতাংশ হারে এবং ব্যক্তি করদাতার ক্ষেত্রে ১৫ শতাংশ ক্ষেত্র বিশেষে তারও বেশী হারে কর আরোপন করা হতো।
- (৬) এস,আর,ও নং ২১৫-আইন/আয়কর/২০০৪ তারিখঃ ১৩/০৭/২০০৪ইং এর মাধ্যমে আয়কর বিধিমালায় নিম্নবর্ণিত সংশোধন ও সংযোজন করা হয়েছেঃ

(ক) Rule 16 এর আওতায় উৎসে কর কর্তন/সংগ্রহ করার জন্য university or medical college or dental college or engineering college সমূহকেও উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ হিসেবে গণ্য করা হয়েছে।

(খ) নতুন বিধি 25A সংযোজন করে ব্যক্তিশ্রেণীর সকল করদাতার জন্য আয়কর রিটার্নের সাথে প্রদেয় জীবন যাত্রার মান সম্পর্কিত তথ্যের ছক (পরিশিষ্ট-খ) বিধিবদ্ধভাবে নির্দিষ্ট করা হয়েছে।

(গ) বিধি 26A এর উপবিধি (1) এর বিধান পরিবর্তন করে নতুন বিধান সংযোজন করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর যে কোন বিধানের আওতায় আয়কর, জরিমানা, সুদ বা অন্য কোন ফি pay order or demand draft or account payee cheque of a scheduled bank এর মাধ্যমে পরিশোধ করা যাবে।

তবে শর্ত থাকে যে, হিসাবে পরিশোধযোগ্য চেকের ক্ষেত্রে (account payee cheque) যে উপকর কমিশনারের বরাবরে চেক প্রদান করা হবে তার অফিস যে clearing house এর আওতাধীন চেকটি সে একই clearing house এর আওতায় নগদায়নযোগ্য হতে হবে।

তবে পরিশোধিতব্য কর ৫ হাজার টাকার কম হলে ট্রেজারী চালানোর মাধ্যমে কর পরিশোধ করা যাবে।

(ঘ) স্ব-নির্ধারনী পদ্ধতি সংক্রান্ত বিধি 38 এর উপবিধি (1) এর ক্লজ (ff) সংযোজন করা হয়েছে। ২০০৪-২০০৫ কর বর্ষ থেকে ব্যক্তিশ্রেণীর করদাতাদের স্ব-নির্ধারনী পদ্ধতির রিটার্নের সাথে বিধি 25A এতে নির্দিষ্ট ছকে জীবন যাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী পূরণ করে জমা দিতে হবে।

(ঙ) Rule 64B তে সংশোধনী এনে পরিবর্তিত TIN Application Form (পরিশিষ্ট-গ) বিধিবদ্ধভাবে নির্দিষ্ট করা হয়েছে।

(চ) Chapter-VII এর আওতায় উৎসে কর কর্তন/সংগ্রহকারী কর্তৃপক্ষকে Tax Collection Account Number প্রদান সংক্রান্ত 184BB ধারার বিধান বাস্তবায়নের উদ্দেশ্যে Application Form for Tax Collection Account Number (পরিশিষ্ট-ঘ) নির্দিষ্ট করে নতুন Rule 64C সংযোজন করা হয়েছে।

(৭) এস,আর,ও নং ২০৮-আয়কর/২০০৪ তারিখঃ ০৮/০৭/২০০৪ইং এর মাধ্যমে আয়কর বিধি 17A সংশোধন করা হয়েছে। উক্ত বিধির proviso তে আমদানী পর্যায়ে উৎসে অগ্রীম কর কর্তন করতে হবে না এমন পণ্যের যে তালিকা দেয়া হয়েছে তাতে ১৮৮ থেকে ২০৬ পর্যন্ত আরো ১৯টি পণ্য সংযোজন করা হয়েছে (পরিশিষ্ট-ঙ)। অর্থাৎ এ ১৯টি পণ্যের ক্ষেত্রে আমাদানী পর্যায়ে উৎসে অগ্রীম আয়কর সংগ্রহ করতে হবে না।

[অর্থ আইন, ২০০৪ এর ধারা ৪৩ দৃষ্টব্য]

[১লা জুলাই ২০০৪ ও ১লা জুলাই ২০০৫ তারিখে আরদ্ধ কর
বৎসরের জন্য আয়করের হার]অনুচ্ছেদ-ক

Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে যাহাদের ক্ষেত্রে প্রথম অংশের অনুচ্ছেদ-খ প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশী সহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে। এই কর হার ২০০৪-২০০৫ ও ২০০৫-২০০৬ কর বছরের জন্য প্রযোজ্য। যথাঃ-

মোট আয়	হার
(ক) প্রথম ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -----	শূন্য
(খ) পরবর্তী ২,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -----	১০%
(গ) পরবর্তী ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -----	১৫%
(ঘ) পরবর্তী ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -----	২০%
(ঙ) অবশিষ্ট মোট আয়ের উপর -----	২৫%

তবে শর্ত থাকে যে, ন্যূনতম করের পরিমাণ কোন ভাবেই ১,৫০০/- টাকার কম হইবে না।

আরও শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (Least Developed Area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেনঃ-

বিবরণ	রেয়াতের হার
(অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে,	সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%;
(আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়,	সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%;

ব্যাখ্যা ।- এই অনুচ্ছেদে " সবচেয়ে কম উন্নত এলাকা (Least Developed Area)" বা "স্বল্প উন্নত এলাকা (Less Developed Area)" অর্থ Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 45(2A) এর clause (b) এবং (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (Least Developed Area) বা স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) ।

অনুচ্ছেদ-খ

কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাহাদের ক্ষেত্রে **Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984)** অনুযায়ী সর্বোচ্চ হারে (**at the maximum rate**) আয়কর আরোপিত হয় -

(১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিস্ট্রীকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর-

(ক) দফা (খ) তে বর্ণিত কোম্পানীসমূহের ক্ষেত্রে ব্যতীত,

(অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company-----

উক্ত আয়ের ৩০ শতাংশ;

তবে শর্ত থাকে যে এইরূপ publicly traded company যদি ২০ শতাংশ এর চেয়ে বেশী লভ্যাংশ প্রদান করে তাহা হইলে প্রযোজ্য আয়করের উপর ১০ শতাংশ হারে আয়কর রেয়াত লাভ করিবে।

আরও শর্ত থাকে যে এইরূপ publicly traded company যদি ১০ শতাংশের কম লভ্যাংশ ঘোষণা করে অথবা সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ঘোষিত লভ্যাংশ প্রদান না করে তাহা হইলে উক্ত publicly traded company এর কর হার হইবে ৩৭.৫ শতাংশ;

(আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income Tax Ordinance, 1984 এর section 2 এর clause (20) এর sub-clause (a), (b), (bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে -----

উক্ত আয়ের ৩৭.৫ শতাংশ;

(খ) ব্যাংক, বীমা, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে -----

উক্ত আয়ের ৪৫ শতাংশ।

(২) Income-tax Ordinance, 1984 এর section 16D অনুসারে dividend distribution tax আরোপযোগ্য নয় এইরূপ লভ্যাংশ আয়ের উপর প্রযোজ্য কর -----

উক্ত আয়ের ১৫ শতাংশ।

(৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তি শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর;

উক্ত আয়ের ২৫ শতাংশ।

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে "publicly traded company" বলিতে এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানী বুঝাইবে যাহা Companies Act, 1913 (VII of 1913) বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসরের সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানীটির শেয়ার ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইতে হইবে।

FORM

Form no. IT 10BB

Statement under section 75(2)(d)(i) of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) regarding particulars of life style.

[please tick in the correct box below wherever necessary]

Name:

TIN:

Assessment Year:

1. Information regarding residence:
 - (a) resides in the house owned by the assessee
 - (b) resides in a rented house
 - (c) rent is borne by the assessee Annual rent paid
 - (d) resides in a house provide by the employer
 - (e) furnished by the employer self furnished

2. Information regarding vehicle:
 - (a) vehicle is owned by the assessee vehicle is owned by the employer
 - (b) expenses for maintenance of the vehicle borne by the assessee
 - (c) expenses for maintenance of the vehicle borne by the employer
 - (d) type of vehicle : Jeep C.C Car C.C
 - (e) total annual expenses for fuel and maintenance of the vehicle: Tk.....

3.
 - (a) annual expenses on electricity: Tk.
 - (b) annual expenses on telephone: Tk.

4.
 - (a) information regarding children studying in a local private school/college/ university:

Name of the Institution	Number of Children	Annual Expenditure

(b) annual expenditure where children studies abroad:
Tk.....

5. Information regarding foreign visit(s) during the year:

expenses borne by assessee		expenses not borne by assessee		
Number of visit/(s)	Name of the country(ies)	Number of visit/(s)	Name of the country(ies)	who borne the expense

Verification

I solemnly declare that to the best of my knowledge and belief the information given in this statement is correct and complete.

Date:

[Signature of the assessee]

8. Nature of Payment (Tick Whichever is applicable)

Sl.	Type of Payment	Section of Income Tax Ordinance, 1984	Rule of Income Tax Rules, 1984	Tick here
1.	Salary	50		
2.	Interest of Security	51		
3.	a. Payment to Contractors/Suppliers	52	16	
	b. Indenting Commission	52	17(1)	
	c. Shipping Agency Commission	52	17(2)	
4.	a. Fees for professional services	52A(1)		
	b. Fees for technical services	52A(2)		
5.	a. Payment for Private Security Service	52AA		
	b. Payment to Stevedoring Agencies	52AA		
6.	Service of Doctor	52G		
7.	L/C Commission	52I		
8.	House/Office Rent	53A	17B	
9.	Receipt from export of manpower	53B	17C	
10.	Receipt from public auction	53C	17D	
11.	Payment to actor/actress	53D		
12.	Commission, discount of fees	53E		
13.	Payment to Foreign buyer's agent	53EE		
14.	Interest on savings and fixed deposit	53F		
15.	Insurance Commission	53G		
16.	Payment to Surveyor of General Insurance	53GG		
17.	Dividends	54		
18.	Lottery	55		
19.	Payment to Non-resident	56		

যে সকল পণ্যের উপর আমদানী পর্যায়ে উৎসে আয়কর কর্তন প্রত্যাহার করা হয়েছে
তার তালিকা

- (188) Petroleum oils and oils obtained from bituminous minerals, crude (H.S code 2709.00.00);
- (189) Motor spirit of H.B.O.C Type (H.S code 2710.11.11);
- (190) Other motor spirits, including aviation spirit (H.S code 2710.11.19);
- (191) Spirit type jet fuel (H.S code 2710.11.20);
- (192) White spirit (H.S code 2710.11.31);
- (193) Naphtha (H.S code 2710.11.32);
- (194) Other (H.S code 2710.11.39);
- (195) J.P. 1 kerosene type jet fuels (H.S code 2710.11.41);
- (196) J.P. 4 kerosene type jet fuels (H.S code 2710.11.42);
- (197) Other kerosene type jet fuels (H.S code 2710.11.43);
- (198) Other kerosene (H.S code 2710.11.49);
- (199) Other medium oils and preparations (H.S code 2710.11.50);
- (200) Light diesel oils (H.S code 2710.11.61);
- (201) High speed diesel oils (H.S code 2710.11.62);
- (202) Other (H.S code 2710.11.69);
- (203) Furnace oil (H.S code 2710.19.11);
- (204) Other (H.S code 2710.19.12);
- (205) Kidney dialysis machines (H.S code 9018.90.20);
- (206) Baby incubator (H.S code 9018.90.30).

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

ফহি উদ্দিন

প্রথম সচিব (আয়কর নীতি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।